গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
প্লানিং অ্যান্ড ডেভেলপমেন্ট সেল
পরিসংখ্যান ভবন, ৭ম তলা, ব্লক-এ
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bbs.gov.bd

নং-৫২.০১.০০০০.১০৩.০৬.০২০.০৬ (অংশ-১)- ৫৪

তারিখ: ০৬/০১/১৪২৪ ব.
২০/৪/২০১৭ খ্রি.

বিষয়: মার্চ ২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

তারিখ	:	২৯/০৩/২০১৭ খ্রি.
সময়	:	সকাল ১১.০০ টা
স্থান	:	এসএসটিআই এর কক্ষ-৩
সভাপতি	:	মোঃ আমীর হোসেন, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বিবিএস
উপস্থিতি	:	পরিশিষ্ট - 'ক'

০২। সভাপতি মহোদয় উপস্থিত কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতির সম্মতিক্রমে অত্র সেলের পরিসংখ্যান কর্মকর্তা জনাব মো : মোবারক হোসেন সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন আপত্তি না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। অত:পর সভায় আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্রমিক নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(০১)	বিগত সভার সিদ্ধান্তে কোন সংশোধনী না থাকায় কার্যক্রম দৃঢ়ীকরণ বিষয়ে আলোচনা হয়।		কার্যক্রম দৃঢ়ীকরণ করা হয়।	
(০২)	অনিষ্পন্ন বিষয় সংক্রান্ত	সকল উইং প্রত্যেক মাসের ২৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উইং এর অনিষ্পন্ন কাজের তালিকা নির্দিষ্ট ছক (পরিশিষ্ট-'ক') মোতাবেক প্লানিং অ্যান্ড ডেভেলপমেন্ট সেলে প্রেরণ করবেন।	প্রত্যেক উইং এর অনিষ্পন্ন বিষয়সমূহের হালনাগাদ তালিকা যথাসময়ে প্রেরণ করতে হবে। সকল উইং কে বিষয়টি গুরুত্বের সাথে ব্যবস্থা নিতে হবে।	পরিচালক, সংশ্লিষ্ট উইং
(০৩)	অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত	পরিচালক (অর্থ) জানান, জেলা এবং উপজেলা পর্যায়ের অডিট আপত্তিগুলো ফিল্ড পর্যায়ে নিষ্পত্তির জন্য পত্রের মাধ্যমে অবহিত করা হয়েছে। মাঠ পর্যায়ে আপত্তিগুলো নিষ্পত্তি করে সদর দপ্তরকে অবহিত করার ব্যাপারে নির্দেশনা দেয়া যেতে পারে।	বিভাগ এবং জেলা পর্যায়ের কর্মকর্তাগণকে জেলা এবং বিভগীয় পর্যায়েই অডিট আপত্তিগুলো নিষ্পত্তি করতে হবে এবং প্রধান কার্যালয়কে অবহিত করতে হবে।	পরিচালক (অর্থ), এফএ অ্যান্ড এমআইএস, যুগ্ম-পরিচালক, (সকল) বিভাগীয় পরিসংখ্যান অফিসসমূহ এবং উপ-পরিচালক (সকল), জেলা পরিসংখ্যান অফিসসমূহ

ক্রমিক নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(০৪)	কোর্ট মামলাসমুহ	CPO, আইন সেল জানান, পূর্বে মামলার সংখ্যা কম ছিল এখন মামলার সংখ্যা অনেক বেশী বিধায় মামলা শাখায় একজন দক্ষ টাইপিস্ট দরকার। টাইপিস্ট এর অভাবে সময়মত মামলাসমূহ পরিচালনা সম্ভব হচ্ছে না।	অগ্রাধিকার ভিত্তিতে মামলাসমূহ সম্পন্ন করতে হবে। জরুরী টাইপের জন্য NHD থেকে টাইপিস্ট নিয়ে কাজ করতে হবে। আইন শাখায় একজন এসআই অথবা এসএ পদায়ন করা যেতে পারে।	পরিচালক (এফএ অ্যান্ড এমআইএস), যুগ্ম-পরিচালক, এফএ অ্যান্ড এমআইএস ও আইন কর্মকর্তা, এফএ অ্যান্ড এমআইএস
(০৫)	সমাপ্ত প্রকল্পের গাড়ী রাজস্ব খাতে স্থানান্তর প্রসংগে	উপমহাপরিচালক মহোদয় জানান, সমাপ্ত প্রকল্পের গাড়ী রাজস্ব খাতে স্থানান্তর সংক্রান্ত কার্যক্রম চলমান আছে।	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে যোগাযোগ করে TO & E প্রক্রিয়াটি ত্বরান্বিত করতে হবে।	উপপরিচালক, (সমন্বয়), এফএ অ্যান্ড এমআইএস
(০৬)	উপজেলা পর্যায়ে পরিসংখ্যান কর্মকর্তার ৪৬৭ টি ১ম শ্রেণির পদ সৃজন:	২৬৭টি প্রথম শ্রেণির (ক্যাডার) পদ সৃজনের প্রস্তাব পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হয়েছে মর্মে উপমহাপরিচালক মহোদয় সভাকে অবহিত করেন। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ থেকে জনপ্রশাসন মন্ত্রনালয়ে প্রস্তাব পাঠানো হয়েছে কিনা খোঁজ নিতে হবে।	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-এ খোঁজ নিয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপপরিচালক, (বিনিক), এফএ অ্যান্ড এমআইএস
(০৭)	বিবিএস এর অর্গানোগ্রাম প্রণয়ন	বিবিএস এর অর্গানোগ্রামের প্রস্তাব পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হয়েছে মর্মে উপমহাপরিচালক মহোদয় সভায় জানান।	অর্গানোগ্রাম সংক্রান্ত কাজ দ্রুত শেষ করতে হবে।	উপপরিচালক, (বিনিক), এফএ অ্যান্ড এমআইএস
(০৮)	বিবিএস এর জনবল নিয়োগ	বিবিএস এর চলমান ৩য় ও ৪র্থ শ্রেনির নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার ব্যাপারে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে মতামত পাঠানো হয়েছে। এ সংক্রান্ত যোগাযোগ অব্যাহত আছে।	বিষয়টি ফলোআপ করে দ্রুত নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।	উপমহাপরিচালক, বিবিএস
(০৯)	আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগ	আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগ প্রস্তাব পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-এ অনুমোদনের অপেক্ষায় আছে। অনুমোদিত হলে নিয়োগের কার্যক্রম সম্পন্ন করা যাবে মর্মে সভায় জানানো হয়।	বিষয়টি নিয়মিত ফলোআপ করে কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	উপপরিচালক, (বিনিক), এফএ অ্যান্ড এমআইএস
(১০)	বিবিএস এর ৫৩৯টি পদ সংরক্ষণ ও স্থায়ীকরণ	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে স্থায়ীকরণের প্রস্তাব প্রেরণ করা হয়েছে মর্মে সভায় জানানো হয়।	বিষয়টি follow up করতে হবে এবং দ্রুত স্থায়ীকরণের ব্যবস্থা নিতে হবে।	উপপরিচালক, (বিনিক), এফএ অ্যান্ড এমআইএস
(১১)	ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত	ই-ফাইলিং এর refresher training শেষ হয়েছে। ই-ফাইলিং প্রত্যেকটি কম্পিউটারে install করতে হবে। সরকারের ই-ফাইলিং কার্যক্রমের আওতায় বিবিএস এর অবস্থান এখন পর্যন্ত আশাব্যঞ্জক নয়। এ জন্য মহাপরিচালক মহোদয় প্রত্যেক উইং ও প্রকল্পে ই-ফাইলিং কার্যক্রম দ্রুত চালু করতে নির্দেশনা প্রদান করেন।	ই-ফাইলিং বাস্তবায়নের জন্য সকল উইংয়ের পরিচালকগণ সচেষ্ট হবেন।	পরিচালক (সকল)

ক্রমিক নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(১২)	বিভাগীয়/জেলা কার্যালয়ে নিজস্ব ভবন স্থাপন	বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী বিভাগীয় কার্যালয়ের নিজস্ব ভবন এবং Data Processing Centre নির্মাণের জন্য DPP প্রস্তুত হয়েছে কিনা মহাপরিচালক মহোদয় তা জানতে চান। যুগ্ম-পরিচালক (এফএ অ্যান্ড এমআইএস) জানান, একটি খসড়া ডিপিপি প্রস্তুত করা হয়েছে। দ্রুত তা নথিতে উপস্থাপন করা হবে।	DPP টি চূড়ান্ত করতে হবে। এ জন্য প্রশাসনিক অনুমোদন গ্রহণের নিমিত্ত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে পত্র প্রেরণ করতে হবে।	যুগ্ম-পরিচালক, এফএ অ্যান্ড এমআইএস

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আমীর হোসেন
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)